তারিখ 29 JUN 1988
পৃষ্ঠা 12

দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

সংবাদ ঃ ১২

# সরকারী কর্মচারীদের চিত্তবিনোদন ছুটি বাধ্যতামূলক করার চিন্তাভাবনা

(নিজস্ব বার্তা পরিবেশক)

সরকারী কর্মকর্তাদের শারীরিক মানসিক সুস্থতা এবং কর্মদক্ষতার উচ্চমান বজায় রাখার জন্য প্রতি দু' বছর অন্তর ১৫ দিনের চিত্তবিনোদন ছুটি বাধ্যতামূলক করার বিষয়টি সরকারের উচ্চপর্যায়ে চিন্তাভাবনা করে দেখা হচ্ছে।

সংস্থাপন মন্ত্রণালয় যেসব কর্মকর্তার চাকরিকাল ১০ বছরের বেশী হয়েছে তাদের সকলকেই প্রতি দু' বছর অন্তর ১৫ দিনের চিত্তবিনোদন ছুটি বাধ্যতামূলক করার জন্য সম্প্রতি একটি প্রস্তাব পেশ করেছে। এই ছুটি ভোগের জন্য কোন চিত্তবিনোদন ভাতা প্রদান না করার জন্য প্রস্তাবে উল্লেখ করা হয়েছে।

প্রশাসন উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশের ভিত্তিতে সংস্থাপন মন্ত্রণালয় কর্মকর্তাদের চিত্তবিনোদন ছুটি বাধ্যতামূলক করা সংক্রান্ত প্রস্তাবটি সরকারের উচ্চ পর্যায়ের বিবেচনার জন্য পেশ করেছে।

সংস্থাপন মন্ত্রণালয় সূত্রে জানা গেছে যে, বর্তমান ব্যবস্থায় গেজেটেড সরকারী কর্মকর্তাদের চিত্তবিনোদন ছুটি ও ভাতা গ্রহণের সুযোগ আছে। কিন্তু কর্মকর্তারা যে বছর চিত্তবিনোদন ভাতা গ্রহণ করেন, সে বছর ঈদ উৎসব ভাতা পান না। এ জন্য সরকারী গেজেটেড কর্মকর্তারা চিত্তবিনোদন ছুটি ভোগ করছেন না।

উল্লেখ্য, ঈদ উৎসব ভাতা চিত্তবিনোদন ভাতা হতে বেশী।